



Biman BANGLADESH AIRLINES

BIMAN HEAD OFFICE "BALAKA" KURMITOLA, DHAKA-1229. CABLE: AIRBANGLA
TLX: 642649 DABO BA. PHONE: 8917400-18, FAX: 880-2-8013005

ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস পদে প্রাথমিক সাক্ষাৎকার সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান কর্পোরেশনে ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস পদে নিয়োগের লক্ষ্যে ১০, ১১ ও ১৫ ফেব্রুয়ারী ২০০৩ খৃঃ তারিখে স্থানীয় পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি এবং পরবর্তীতে ১১ ও ১২ মার্চ ২০০৩ খৃঃ তারিখে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংশোধনী বিজ্ঞপ্তির সূত্র উল্লেখ্য।

এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য উল্লেখ করা যাচ্ছে যে, গতকাল ১৫-৩-২০০৩ খৃঃ তারিখে অনুষ্ঠিত ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস পদে প্রাথমিক সাক্ষাৎকারে বিপুলসংখ্যক প্রার্থীর উপস্থিতি বিবেচনায় এনে এবং উক্ত প্রাথমিক সাক্ষাৎকার সুষ্ঠুভাবে গ্রহণের লক্ষ্যে বিমান কর্তৃপক্ষ এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস পদের জন্য আগ্রহী সকল জেলার প্রার্থীদের আগামী ২৭-৩-২০০৩ খৃঃ তারিখ পর্যন্ত বাংলাদেশ এয়ারলাইন্স ট্রেনিং সেন্টার (বিএটিসি)-এ অবস্থিত নিরাপত্তা কক্ষে রক্ষিত নির্ধারিত ব্যাল্ডে তাদের আবেদনপত্র জমা দিতে হবে অথবা উল্লেখিত তারিখের মধ্যে ডাকযোগে উল্লেখিত ঠিকানায় আবেদনপত্র পৌছাতে হবে। পরবর্তীতে প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে জেলা ভিত্তিক প্রাথমিক সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে- যার নির্ধারিত স্থান, তারিখ ও সময় পত্রিকা মারফত প্রার্থীদেরকে অবহিত করা হবে।

এই মর্মে আরও উল্লেখ করা যাচ্ছে যে, ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস নিয়োগের লক্ষ্যে ইতোপূর্বের স্থিরিকৃত ও পত্রিকায় প্রকাশিত প্রাথমিক সাক্ষাৎকারের তারিখ ও সময়সূচী বাতিল বলে গণ্য হবে। উক্ত পদের জন্য প্রার্থীর নির্ধারিত যোগ্যতা (পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির ন্যায়) অপরিবর্তিত থাকবে।

উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

বাংলাদেশ বিমান কর্পোরেশন।

পি-৬৭৬/২০০৩ (৭'x২)